

## আপনার 2, 3 বা 4 বছর বয়সী শিশুর খেলাধুলা, শেখা এবং বেড়ে উঠায় সাহায্য করতে স্থানীয় নার্সারি ও চাইল্ডমাইন্ডারগুলোতে অর্থায়নকৃত আসনসমূহ।

আমরা সকলে চাই আমাদের শিশুরা স্বাস্থ্যবান, সুখী হউক এবং তাদের চারপাশের পৃথিবীর সাথে ভালোভাবে মানিয়ে বেড়ে উঠুক কিন্তু আপনার পরিবেশ যাই হোক, এই আধুনিক পৃথিবীতে ভারসাম্যপূর্ণ পারিবারিক জীবন কাটান হতে পারে! শিশুরা খুব দ্রুত বেড়ে উঠে কিন্তু আপনি তাদের সরকার কর্তৃক অর্থায়নকৃত একটি স্থানীয় নার্সারি বা চাইল্ডমাইন্ডারে সপ্তাহে কয়েক ঘণ্টার জন্য নিয়ে জীবনের একটি দুর্দান্ত শুরু দান করতে পারেন।

### আপনার যদি 3 বা 2 বছরের একটি শিশু থাকে, তবে আপনি কি জানেন...

সরকার কর্তৃক অর্থায়নকৃত ল্যাঙ্কাশায়ার (Lancashire)-এ 3 এবং 4 বছরের সকল শিশু প্রতি সপ্তাহে 15 ঘণ্টা পর্যন্ত (প্রতি বছর 570 ঘণ্টা) থাকার অধিকার রাখে এবং অধিকাংশ কর্মজীবী পরিবারের জন্য তা প্রতি সপ্তাহে 30 ঘণ্টা (প্রতি বছর 1,140 ঘণ্টা) পর্যন্ত বাড়ানো যেতে পারে। আরও তথ্যের জন্য [lancashire.gov.uk/childcare](http://lancashire.gov.uk/childcare) ভিজিট করুন।

আপনার শিশুর  
অধিকার মিস করবেন না!



## আপনার যদি 2 বছরের একটি শিশু থাকে তবে আপনি কি জানেন...

সরকার 2 বয়সী কিছু শিশুর জন্য প্রতি সপ্তাহে 15 ঘণ্টা পর্যন্ত অর্থায়নও করে।

এটি নির্ভর করে আপনার পারিবারিক আয় বা আপনি যদি নির্দিষ্ট কিছু বেনিফিট পেয়ে থাকেন তার উপর। আরও তথ্যের জন্য আমাদের [www.lancashire.gov.uk/childcare](http://www.lancashire.gov.uk/childcare) ভিজিট করুন।

## আপনার 2 বছরের শিশুর প্রাথমিক শিক্ষার রোমাঞ্চ মিস করবেন না!

আপনার শিশু অধিকারভোগী কি না দেখতে আজই আমাদের <https://fi.sonline.lancashire.gov.uk/SynergyWeb/> -এ যান!



## নার্সারি বা চাইল্ডমাইন্ডারে একটি আসন প্রাপ্তি আপনার শিশুর জন্য কেন ভালো...

- মজার সেশনে অংশগ্রহণ আপনার শিশুকে খেলার মাধ্যমে শিখতে ও বিকাশ লাভ করতে সাহায্য করে।
- আপনার শিশু নতুন নতুন বস্তু বানাবে এবং তাদের আত্মবিশ্বাস তৈরি করবে।
- এটি আপনার শিশুর স্পিকিং ও লিসেনিং দক্ষতা উন্নত করতে সাহায্য করবে।
- এটি আপনার শিশুকে স্কুল জীবন শুরুর জন্য প্রস্তুত হতে সাহায্য করবে।

## নিশ্চিত থাকুন...

- আপনার শিশুকে অফস্টেড (Ofsted) দ্বারা নিয়ন্ত্রিত নিরাপদ ও সুরক্ষিত পরিবেশে দেখাশুনা করা হবে।
- আমাদের সকল নার্সারি এবং চাইল্ডমাইন্ডারগুলো সম্পূর্ণরূপে অংশগ্রহণমূলক এবং ব্যাপক সাংস্কৃতিক, খাবার সম্বন্ধীয়, ধর্মীয় এবং বিশেষ বা শিক্ষাগত চাহিদা পূরণ করে।

## সঠিক নার্সারি বা চাইল্ডমাইন্ডারের খোঁজ।

আপনি স্থানীয় নার্সারি ও চাইল্ডমাইন্ডারগুলোর একটি তালিকা পেতে পারেন যা আসনের সুযোগ দেয় 'www.lancashire.gov.uk/childcare' বিভাগে আমাদের এ। আপনার পারিবারিক চাহিদা অনুযায়ী সেবা উপযুক্তটি পছন্দ করতে আপনাকে সাহায্য করার অনেক সহায়ক গাইডও এখানে রয়েছে।

## আপনার যদি সরকারি অর্থায়নের চেয়ে বেশি ঘণ্টার প্রয়োজন হয়...

আপনি যদি আপনার শিশুর ঘণ্টা বাড়াতে চান বা বর্তমানে অতিরিক্ত ঘণ্টার জন্য মূল্য পরিশোধ করেন তবে সরকার থেকে এর মতো বা -এর মাধ্যমে আরও আর্থিক সহায়তার অধিকারী হতে পারেন।

## আমরা সাহায্য করতে প্রস্তুত

স্কুল শুরু না করা পর্যন্ত আপনার শিশুর প্রাথমিক শিক্ষার সঠিক যাত্রায় একদম শুরু থেকে সহায়তা পেতে পারিবারিক তথ্য পরিষেবা প্রস্তুত রয়েছে। সুতরাং, আপনার যা জিজ্ঞাসা বা উদ্বেগ থাকতে পারে তা কোন ব্যাপার নয়, আমরা আপনাকে সাহায্য করতে পারলে আনন্দিত হব। আপনি কল করে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন: 0300 123 6712 বা নিম্নোক্ত ঠিকানায় ইমেইল করে: [fis@lancashire.gov.uk](mailto:fis@lancashire.gov.uk)

নার্সারি বা চাইল্ডমাইন্ডারের একটি আসন প্রাপ্তি সম্পর্কে আরও বিস্তারিত তথ্য পেতে অনুগ্রহ করে আমাদের সহায়ক <http://www3.lancashire.gov.uk/corporate/web/viewdoc.asp?id=143829> দেখুন।

[lancashire.gov.uk/childcare](http://lancashire.gov.uk/childcare)

